

পুস্তক ক্রয়ের তালিকা আহবান সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

ভারতের পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত বাংলাদেশ ভবনের গ্রন্থাগারের জন্য ২০১৭-১৮ অর্থবছরে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ, ভাষা আন্দোলন, বাংলাদেশ, জীবনী-আত্মজীবনী, রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম বিষয়ক পুস্তক ক্রয়ের নিমিত্ত প্রকাশক, পরিবেশক ও লেখকগণের কাছ থেকে ফেব্রুয়ারি, ২০১৮ সালের মধ্যে প্রকাশিত/মুদ্রিত পুস্তকের নমুনা কপিসহ তালিকা আহবান করা যাচ্ছে (অতীতে প্রকাশিত পুস্তকও তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে)। প্রকাশক কর্তৃক প্রদত্ত তালিকার সাথে প্রকাশকের হালসনের ড্রইড লাইসেন্স এবং সর্বশেষ করবর্ষের আয়কর প্রত্যয়ন পত্রের অনুলিপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। বইয়ের গুরুত্ব অনুসারে সবচেয়ে ভালো মানের ১০ টি বই তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে। আগ্রহী প্রকাশক, পরিবেশক ও লেখকগণকে নিম্নবর্ণিত ছক অনুযায়ী ৭ (সাত) কপি তালিকা এবং তালিকার সফট কপির সিডি আগামী ১৫/৪/২০১৮ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো:

"নমুনা ছক"

| ক্র. ন. | লেখকের নাম | শিরো নাম | প্রকাশকের নাম, ঠিকানা ও সেলফোন | প্রকাশের তারিখ | সংস্করণ | পৃষ্ঠা সংখ্যা | বিষয় | মূল্য | আইএস বিএন | কাগজের ধরন | বাঁধাইয়ের ধরন | মন্তব্য |
|---------|------------|----------|--------------------------------|----------------|---------|---------------|-------|-------|-----------|------------|----------------|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |

শর্তাবলী:

- ১) প্রকাশকের তালিকাটি MS Word ফাইলে উপরে প্রদত্ত ছক অনুযায়ী হতে হবে এবং বাংলায় লেখাগুলোতে অবশ্যই ইউনিকোড ফন্ট হিসেবে SutonnyOMJ অথবা Nikosh ব্যবহার করতে হবে।
- ২) ছকের কোন ফিল্ডে তথ্যের পুনরুল্লেখ করার ক্ষেত্রে সম্পূর্ণ তথ্যটি লিখতে হবে, ঐ অথবা Do লেখা যাবে না।
- ৩) ছকের ৫ নং কলামে অর্থাৎ প্রকাশের তারিখ এর ঘরে মাসের নাম পুরোপুরি ইংরেজিতে লিখতে হবে। ছকের ৭ নং কলামে 'পৃষ্ঠা' সংখ্যা এবং ৯ নং কলামে 'মূল্য' ইংরেজি ফন্টে অংকে (Numeric) লিখতে হবে। মূল্যের ঘরে কোন প্রকার "টাকা" বা "/"- " চিহ্ন দেয়া যাবে না।
- ৪) নমুনা ছক অনুসারেই সঠিক ও সম্পূর্ণ তথ্য উপস্থাপন করতে হবে। কোন প্রকারে ছক পরিবর্তন করা যাবে না। ছক পরিবর্তন করলে তালিকা গ্রহণ করা হবে না।
- ৫) কপিরাইট আইনের পরিপন্থী, পাইরেটেড, অসম্পূর্ণ, ভুল ও রাষ্ট্র-বিরোধী তথ্য সম্বলিত কোন বই তালিকায় থাকলে প্রকাশনা প্রতিষ্ঠানকে বাছাই তালিকা থেকে বাদ দেয়াসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে।
- ৬) দাখিলকৃত তালিকা থেকে উপযুক্ততা সাপেক্ষে পুস্তক নির্বাচনের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


(আশীষ কুমার সরকার)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৬৭১২৩৪

e-mail: dg.dpl.2012@gmail.com